আজকের কাগজ

তারিখ 0 9 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

47

# বাংলাদেশ মেডিকেল কলেজে অনির্দিষ্টকালের ধর্মঘট

**কাগজ প্রতিবেদক ঃ** বাংলাদেশ প্রথম বেসরকারি মেডিকেল কলেজ ধানমন্ডিস্থ "বাংলাদেশ মেডিকেল কলেজ"-এর ছাত্র-ছাত্রী, ইন্টার্নী এবং চিকিৎসকরা গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্যে সাধারণ ধর্মঘট শুরু করেছে। কলেজ পরিচালনার জন্যে নিয়োজিত এক্সিকিউটিভ কাউন্সিলের দুর্নীতি ও শিক্ষার উপযোগী পরিবেশ তৈরিতে অনিহার প্রতিবাদে এ ধর্মঘট। আন্দোলনরত বাংলাদেশ মেডিকেল কলেজ ওয়েলফেয়ার এসোসিয়েশন বলেছে, প্রতিবছর ছাত্র-ছাত্রী ভর্তি ফি ও বেতন বাবদ কোটি কোটি টাকা কলেজ ফান্ডে জমা হচ্ছে। ফান্ডে জমা হওয়া টাকার পরিমাণ এখন ৩০ কোটি। অথচ এ টাকা কর্তৃপক্ষ কলেজের উন্নয়নে ও মেডিকেল শিক্ষার মানোন্নয়নে খরচ না করে এখন নিজস্ব সম্পত্তি হিসেবে দাবি করছে। এ অবস্থায় দুর্নীতি পরায়ন এক্সিকিউটিভ কাউন্সিল সদস্যদের অপসারণ এবং শিক্ষক অভিভাবক ছাত্র-ছাত্রী ও পাস করা ডাক্তার প্রতিনিধির সমন্বয়ে কলেজ পরিচালনার জন্যে অবিলম্বে একটি নতুন কার্যকরী পরিষদ গঠনের দাবিতে এ ধর্মঘটের ডাক দেয়া হয়েছে বলে ওয়েলফেয়ার এসোসিয়েশনের আহবায়ক ডাঃ দেওয়ান আমিনুল ইসলাম স্বাক্ষরিত বিবৃতিতে জানানো হয়েছে।